

তা, একনজরে দেখে নিন।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

শিক্ষা মন্ত্রণালয়

এস্টাবলিশমেন্ট অব ইন্টিগ্রেটেড এডুকেশনাল ইনফরমেশন ম্যানেজমেন্ট সিস্টেম (IEIMS)

বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস)

১ জহির রায়হান সড়ক (পলাশী-নীলক্ষেত্র) ঢাকা-১২০৫

[www.banbeis.gov.bd](http://www.banbeis.gov.bd) e-mail: [ieim\\_srvs@banbeis.gov.bd](mailto:ieim_srvs@banbeis.gov.bd)



স্মারক নং ৩৭.২০.০০০০.০০৫.১৪. ০৮৭.১৯/ieims-১২৬

৮ টের ১৪২৭

তারিখ:

২২ মার্চ ২০২১

বিষয়: মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পর্যায়ে শিক্ষার্থীদের শিক্ষাতথ্য ডিজিটাল ডেটাবেইজ তৈরি ও ইউনিক আইডি প্রদান কার্যক্রমে "শিক্ষার্থী তথ্যছক" পূরণ, ডেটা এন্ট্রি ও প্রশিক্ষণ কার্যক্রমে অংশ গ্রহণ সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ে অবগতি ও কার্যার্থে জানানো যাচ্ছে যে, শিক্ষা মন্ত্রণালয়ের আওতাধীন ২ (দুই) টি বিভাগ এবং উক্ত ২ (দুই) টি বিভাগের অধীনে সকল সংস্থা, অফিসদপ্তর, শিক্ষা বোর্ড এবং শিক্ষা প্রতিষ্ঠানের সমন্বয়ে সমন্বিত শিক্ষাতথ্য ব্যবস্থাপনা প্রতিষ্ঠার লক্ষ্যে "Establishment of Integrated Educational Information Management System (IEIMS)" শীর্ষক একটি প্রকল্প বর্তমানে Bangladesh Bureau of Educational Information and Statistics (BANBEIS/ব্যানবেইস) কর্তৃক বাস্তবায়নধীন আছে। প্রকল্পটির আওতায় CRVS (Civil Registration and Vital Statistics) এর আলোকে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক স্তরের ষষ্ঠ থেকে দ্বাদশ শ্রেণি পর্যন্ত সকল শিক্ষার্থীর শিক্ষাতথ্য ডিজিটাল ডেটাবেইজ প্রস্তুত এবং ইউনিক আইডি প্রদান করা হবে। এজন্য মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পর্যায়ে প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠান হতে নির্ধারিত ছকের মাধ্যমে শিক্ষার্থীদের মৌলিক তথ্য ও শিক্ষা সংক্রান্ত তথ্য সংগ্রহ করা হবে। উল্লেখ্য, তথ্যছকের 'ক' অংশে শিক্ষার্থীর মৌলিক তথ্য অন্তর্ভুক্ত করা হয়েছে এবং 'খ' অংশে অধ্যয়ন সম্পর্কিত তথ্য অন্তর্ভুক্ত করা হয়েছে; যা হার্ড কপি মাধ্যমে সংগ্রহপূর্বক Software-এ এন্ট্রি নেওয়া হবে। শিক্ষার্থীর পরিচয় নিশ্চিত করার জন্য জীর মাতা ও পিতার NID যাচাই করা হবে।

২। শিক্ষার্থী তথ্য সংগ্রহ, ছবি আপলোডসহ ডেটা এন্ট্রি কাজের জন্য প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠান হতে শিক্ষাপ্রতিষ্ঠান প্রধান ও ICT বিষয়ে দক্ষ এক জন শিক্ষককে উপজেলা পর্যায়ে UITRCE বা উপযুক্ত অন্য কোনো ভেন্যুতে প্রশিক্ষণ প্রদান করা হবে। USEO/TSEO ও AP গণ একাধারে মাস্টার ট্রেনার এবং তথ্য সংগ্রহ ও ডেটা এন্ট্রি কাপীন সুপারভাইজিং ও মনিটরিং কর্মকর্তা হিসেবে দায়িত্ব পালন করবেন।

৩। এ লক্ষ্যে কর্মপরিকল্পনা অনুযায়ী উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা মুদ্রিত শিক্ষার্থী তথ্যছক প্রতিষ্ঠানে বিতরণ করবেন। নির্ধারিত সময়ের মধ্যে আপনার প্রতিষ্ঠানের সকল শ্রেণির (৬ষ্ঠ-১২শ) সকল শিক্ষার্থীর তথ্যছক পূরণ নিশ্চিত করে প্রশিক্ষণপ্রাপ্ত শিক্ষককে দিয়ে শ্রেণিভিত্তিক ডেটা এন্ট্রি করতে হবে। তবে কোনো অবস্থাতেই Private প্রতিষ্ঠান বা Cyber Centre থেকে ডেটা এন্ট্রি করা যাবে না।

৪। পূরণকৃত তথ্যফরমের সাথে নিম্নলিখিত ডকুমেন্টস সংযুক্ত করতে হবে:

- (১) শিক্ষার্থীর সদ্য তোলা পাসপোর্ট সাইজের ২ কপি ছবি (সাদা ব্যাকগ্রাউন্ড রঞ্জন ছবি, যা সন্মুখভাগ থেকে তোলা যেন দুই চোখ একই সাথে দৃশ্যমান হয়);
- (২) শিক্ষার্থীর জন্ম নিবন্ধন সনদ (Birth Registration Certificate) এর অনুলিপি;
- (৩) শিক্ষার্থীর মাতা, পিতা এবং প্রযোজ্যক্ষেত্রে অভিভাবকের জাতীয় পরিচয়পত্রের অনুলিপি;
- (৪) শিক্ষার্থীর মাতা, পিতা এবং প্রযোজ্যক্ষেত্রে অভিভাবকের জন্ম নিবন্ধনের অনুলিপি(যদি থাকে);

৫। এমতাবস্থায়, প্রকল্পটির গুরুত্ব ও তাৎপর্য বিবেচনায় এর সফল বাস্তবায়নে আপনার সক্রিয় অংশ গ্রহণ এবং সার্বিক সহযোগিতা কামনা করা হলো।

২২/০৩/২০২১

প্রফেসর মো: শামছুল আলম

প্রকল্প পরিচালক

IEIMS প্রকল্প

ফোন-৫৫১৫১৬২৫

অধ্যক্ষ/প্রধানশিক্ষক/সুপার,

.....  
উপজেলা ..... জেলা .....